

১। শেরপুরের নাইমুদ্দিন প্রায় ১০ বছর ধরে তার পোষা হাতি কালাপাহাড়কে দিয়ে লাকড়ি টানা, চাষ করা, সার্কাস দেখানো ইত্যাদি কাজ করে আসছিল। কিন্তু বর্তমানে দারিদ্র্যের কারণে হাতির খোরাক জোগাড় করতে না পেরে একদিন সে কালাপাহাড়কে বিক্রি করে দিল। ক্রেতা কালাপাহাড়কে নিতে এসে ওর পায়ে বাঁধা রশি ধরে হাজার টানটানি করে একচুলও নাড়াতে পারল না। কালাপাহাড়ের দুচোখ বেয়ে শুধু টপ্টপ করে জল গড়িয়ে পড়ছে। পরদিন খন্দের আরও বেশি লোকজন সাথে নিয়ে এসে কালাপাহাড়কে নিয়ে যাবে বলে চলে যায়। কিন্তু ভোরবেলা নাইমুদ্দিন দেখে কালাপাহাড় মরে পড়ে আছে। হাউমাউ করে সে চি�ৎকার করে আর বলে- ‘ওরে আমার কালাপাহাড়, অভিমান করে তুই চলে গেলি !’

ক) ‘পাঞ্চুর’ শব্দের অর্থ কী?

খ) লেখক দেওয়ারে গিয়েছিলেন কেন? বুঝিয়ে লেখ।

গ) কালাপাহাড়ের আচরণ ‘অতিথির স্মৃতি’ গল্পের অতিথির আচরণ কীভাবে ভিন্ন? বর্ণনা কর।

ঘ) ‘উদ্বীপকের নাইমুদ্দিনের অনুভূতি আর ‘অতিথির স্মৃতি’ গল্পের লেখকের অনুভূতি একই ধারায় উৎসারিত’- মন্তব্যটির যথার্থতা বিচার কর।

২। পাখিপ্রেমিক বাগড়ু ছোটবেলা থেকে বনে জঙ্গলে ঘুরে বেড়ায়। পশুপাখির কষ্টে সে খুব দুঃখ পায়। তাইতো আহত খরগোশকে বাঁচাতে ওষুধ খেঁজে। বাড়ে আহত পাখিদের বাঁচাবার জন্য পাহাড়ে মংলি বুড়ির কাছে নিয়ে যায়। বুড়ি পাহাড়ি লতা হেঁচে ভারি অঙ্গুত ওষুধ বানায়। ঐ ওষুধ লাগালেই আহত পাখিগুলো সেরে যায়। আবার ওরা ডানা মেলে আকাশে উড়তে পারে।

ক) কে কুকুরটিকে মেরে ধরে বের করে দিয়েছিল?

খ) দরিদ্র ঘরের মেয়েটিকে দেখে লেখকের মনে দুঃখ হত কেন?

গ) উদ্বীপকের বাগড়ুর সঙ্গে ‘অতিথির স্মৃতি’ গল্পের লেখকের মনোভাবের সাদৃশ্যের দিকটি তুলে ধর।

ঘ) ‘পাখিপ্রেমিক বাগড়ুর মাঝে আমরা ‘অতিথির স্মৃতি’ গল্পের লেখককে খুঁজে পাই’- উক্তিটির যথার্থতা বিচার কর।

৩। দীর্ঘ দিন রোগ ভোগের পর শফিকের স্বাস্থ্যহানি ঘটেছে। এ অবস্থায় তাকে পুরোপুরি সুস্থ করে তোলার উদ্দেশ্যে আবহাওয়া পরিবর্তনের জন্য শ্রীমঙ্গলে চা-বাগান এলাকায় পাঠানো হয়। কিছু দিন তার থাকার ব্যবস্থা করা হয় মনোরম প্রাকৃতিক পরিবেশে। সেখানে বিচিত্র পাখির কলকাকলি, প্রকৃতির সবুজ পরিবেশ ও ভিন্ন আবহাওয়ায় শফিক বেশ আরামবোধ করে।

ক) ‘অতিথির স্মৃতি’ গল্পের লেখক বায়ু পরিবর্তনের জন্য কোথায় গিয়েছিলেন?

খ) ‘পাখি চালান দেওয়াই তাদের ব্যবসা।’- ব্যাখ্যা করো।

গ) উদ্বীপকের শফিকের সাথে ‘অতিথির স্মৃতি’ গল্পের লেখকের মানসিকতার সাদৃশ্য নির্ণয় করো।

ঘ) ‘অতিথির স্মৃতি’ গল্পের আলোকে উদ্বীপকে চিত্রিত প্রাকৃতিক পরিবেশের পরিচয় দাও।